গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
স্ট্রেংদেনিং অল্টারনেটিভস এন্ড রেস্টোরেটিভ জাস্টিস সিস্টেম ফর চিল্ড্রেন প্রকল্প
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.lawjusticediv.gov.bd**

স্মারক নং- ১০.০০.০০০০.৩০৬(১).০০০.২৫.১১.২৪

তারিখ: ১১ কার্তিক ১৪৩১ / ২৭ অক্টোবর ২০২৪

**বিষয়: "শিশু আইন ২০১৩" বিষয়ে ত্রৈমাসিক মাল্টি-সেক্টরাল সমন্বয় সভা আয়োজন প্রসঙ্গে।**

সূত্র : (১) ১জে-০৮/২০২৩(অংশ-১)-৯১৪৭, তারিখ- ২৪/১০/২০২৪ খ্রি:, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
(২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের স্ট্রেংদেনিং অল্টারনেটিভস এন্ড রেস্টোরেটিভ জাস্টিস সিস্টেম ফর চিল্ড্রেন (এসএআরসি)" প্রকল্প এর ২০.১০.২০২৪ তারিখের ১০.০০.০০০০.৩০৬(১).০০০.২৫.১০.২৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগ কর্তৃক ইউনিসেফ বাংলাদেশ এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়নাধীন **"স্ট্রেংদেনিং অল্টারনেটিভস এন্ড রেস্টোরেটিভ জাস্টিস সিস্টেম ফর চিল্ড্রেন (এসএআরসি)"** শীর্ষক প্রকল্পের আওতায় শিশু আইন ২০১৩ এর আলোকে আইনের সাথে সংঘাতে জড়িত শিশু এবং আইনের সংস্পর্শে আসা শিশুদের অধিকার নিশ্চিতকরণে শিশুবান্ধব আদালতসহ বিচার ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে এসএআরসি প্রকল্পটি বাস্তবায়নাধীন যার মেয়াদকাল ০১ জানুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত। প্রকল্পটির লক্ষ্য সকল ধরনের সহিংসতা, নির্যাতন, শোষণ, অবহেলা এবং ক্ষতিকারক ঐতিহ্যগত চর্চা থেকে সকল শিশুকে আরও ভালভাবে সুরক্ষিত রাখা।

২। শিশু আইন ২০১৩ অনুসারে আইনের সাথে সংঘাতে জড়িত শিশু, আইনের সংস্পর্শে আসা শিশু এবং সুবিধাবঞ্চিত শিশুদের জন্য সমাজ ও পরিবারভিত্তিক পরিচর্যা ব্যবস্থা গ্রহণ এবং প্রাতিষ্ঠানিক পরিচর্যাকে সর্বশেষ ব্যবস্থা হিসেবে উল্লেখ করা হয়েছে। এই আইনের বিধানসমূহের কার্যকর বাস্তবায়নে প্রবেশন কর্মকর্তা, পুলিশ কর্মকর্তা ও বিজ্ঞ বিচারকবৃন্দের সুনির্দিষ্ট ভূমিকা রয়েছে। এ আইনের এসকল বিধানসমূহ যথাযথ প্রয়োগের মাধ্যমে উক্তরূপ শিশুদের পরিবার ও সমাজভিত্তিক পরিচর্যা নিশ্চিত এবং শিশু আদালতে মামলার সংখ্যা হ্রাস সম্ভব।

৩। দেশের সকল জেলায় বিজ্ঞ বিচারক, শিশুবিষয়ক পুলিশ কর্মকর্তা, এবং প্রবেশন কর্মকর্তাগণের অংশগ্রহণে ত্রৈমাসিক সমন্বয় সভা আয়োজনের মাধ্যমে "শিশু আইন ২০১৩" এর কার্যকর বাস্তবায়ন তরান্বিত হবে। উল্লেখ্য সভার যাবতীয় ব্যয় প্রকল্প কর্তৃক বহন করা হবে। এতে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ নেই।

৪। এমতাবস্থায়, দেশের সকল জেলায় ত্রৈমাসিক ভিত্তিতে (অফিস সময় শেষে এবং সাপ্তাহিক ছুটির দিনে) "শিশু আইন ২০১৩" এর কার্যকর বাস্তবায়ন বিষয়ক মাল্টি-সেক্টরাল সমন্বয় সভা আয়োজনে সংশ্লিষ্ট জেলার মাননীয় জেলা জজ, বিচারক, শিশু আদালত এবং অপরাপর অংশীজনের সাথে সমন্বয় করে প্রকল্প কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। এ সভায় বিজ্ঞ বিচারকের অংশগ্রহন বিষয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সদয় সম্মতি রয়েছে।

২৭/১০/২০২৪

(আবুল হাসানাত)
উপসচিব (প্রশিক্ষণ) ও উপ-প্রকল্প পরিচালক
এসএআরসি প্রকল্প
আইন ও বিচার বিভাগ
মোবাইলঃ ০১৭১২৬২০৯৭১

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে**

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

২। জেলা জজ, সকল জেলা।

৩। বিচারক (জেলা ও দায়রা জজ্ জেলা), শিশু আদালত, সকল জেলা।

৪। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সকল জেলা।

৫। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, সকল।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। প্রকল্প পরিচালক, এসএআরসি প্রকল্প (কক্ষ নং ৫০১), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, রমনা, ঢাকা।

৮। পরিচালক (কার্যক্রম), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও ঢাকা।

৯। ডিআইজি, ক্রাইম ম্যানেজম্যান্ট, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

১০। উপ-প্রকল্প পরিচালক, "স্ট্রেংদেনিং অল্টারনেটিভস এন্ড রেস্টোরেটিভ জাস্টিস সিস্টেম ফর চিল্ড্রেন প্রকল্প"।

১১। চীফ, চাইল্ড প্রটেকশন, ইউনিসেফ, বাংলাদেশ (দৃ আঃ চাইল্ড প্রটেকশন স্পেশালিষ্ট, ইউনিসেফ, বাংলাদেশ)।

১২। ফিল্ড কো-অর্ডিনেটর-জাস্টিস ফর চিলড্রেন, এসএআরসি প্রকল্প, ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, রংপুর, রাজশাহী, সিলেট, খুলনা, ও বরিশাল বিভাগ।

১৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।